জগন্নাথ বিশ্ববিদ্যালয়, ঢাকা-১১০০।

## ২০১৮-২০১৯ শিক্ষাবর্ষে স্নাতক (সম্মান) ও বিবিএ ১ম বর্ষে ভর্তির সময়সূচি

জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের ইউনিট-১ (বিজ্ঞান শাখা), ইউনিট-২ (মানবিক শাখা), ইউনিট-৩ (বাণিজ্য শাখা)-ভুক্ত বিভাগসমূহে, ইনস্টিটিউট এবং বিশেষায়িত ৪ টি বিভাগে (সংগীত, চারুকলা, নাট্যকলা, ফিল্ম এন্ড টেলিভিশন বিভাগ) মনোনয়নপ্রাপ্ত শিক্ষার্থীদের ভর্তির জন্য আহ্বান করা হচ্ছে। সংশ্লিষ্ট বিভাগে ভর্তির জন্য মনোনয়নপ্রাপ্ত শিক্ষার্থীকে যা করতে হবে তা নিচে উল্লেখ করা হলো :

**মনোনয়নপ্রাপ্ত শিক্ষার্থীদের করণীয় :**

১. **মনোনয়নপ্রাপ্ত শিক্ষার্থীদেরকে SureCash মোবাইল ব্যাংকিং-এর মাধ্যমে ভর্তি ফি নিম্নে প্রদত্ত তারিখ অনুযায়ী জমা দিতে হবে। ভর্তি ফি জমাদানের নিয়ম/পদ্ধতি বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে (http://jnu.ac.bd এবং http://admissionjnu.info) দেয়া আছে (ওয়েবসাইটে দেয়া তথ্যসমূহ অত্যন্ত মনোযোগ সহকারে পড়া অত্যাবশ্যক)।**

২. **ভর্তি ফি নিম্নরূপ :**
   (i) ইউনিট-১: বিজ্ঞান অনুষদ ও লাইফ এন্ড আর্থ সায়েন্স অনুষদভুক্ত বিভাগসমূহের জন্য **১২,৪০০/- টাকা**
   (ii) ইউনিট-২: কলা, সামাজিক বিজ্ঞান ও আইন অনুষদভুক্ত বিভাগসমূহ (সংগীত, নাট্যকলা ও চারুকলা বিভাগ ব্যতীত), ইনস্টিটিউটসমূহ এবং ফিল্ম এন্ড টেলিভিশন বিভাগের জন্য **১০,৪০০/- টাকা**
   (iii) ইউনিট-৩: বিজনেস স্টাডিজ অনুষদভুক্ত বিভাগসমূহের জন্য **১০,৪০০/- টাকা**
   (iv) সংগীত, নাট্যকলা ও চারুকলা বিভাগসমূহের জন্য **১১,৪০০/- টাকা**

৩. নির্ধারিত ভর্তি ফি জমা দেয়ার পরে HSC/সমমান ও SSC/সমমান Roll No. এবং Admission Test Roll No. দিয়ে ওয়েবসাইটে (http://jnu.ac.bd এবং http://admissionjnu.info) Login করে প্রদর্শিত ফরমের অপূরণকৃত অংশ পূরণ করতে হবে। ফরম পূরণ শেষে Submit বাটনে ক্লিক করতে হবে। অতঃপর Print নিয়ে ফরমের নির্ধারিত স্থানে স্বাক্ষর করে (স্বাক্ষর Admit Card এ প্রদত্ত স্বাক্ষরের অনুরূপ হতে হবে) ফরমটি মনোনয়নপ্রাপ্ত বিভাগে নিম্নে প্রদত্ত তারিখ অনুযায়ী জমা দিতে হবে।

৪. **মনোনয়নপ্রাপ্ত বিভাগে যে সকল সনদপত্র ও কাগজপত্র জমা দিতে হবে:**
   i) ওয়েবসাইট থেকে প্রিন্টকৃত ও স্বাক্ষরিত আবেদন ফরম (স্বাক্ষর Admit Card এ প্রদত্ত স্বাক্ষরের অনুরূপ হতে হবে)
   ii) পরীক্ষার হলে প্রত্যবেক্ষক (Invigilator) কর্তৃক স্বাক্ষরিত Admit Card
   iii) SSC/সমমানের পরীক্ষার মূল সনদপত্র ও নম্বরপত্র এবং প্রতিটির একটি করে সত্যায়িত ফটোকপি
   iv) HSC/সমমানের পরীক্ষার মূল সনদপত্র/নম্বরপত্র, রেজিস্ট্রেশন কার্ড এবং প্রতিটির একটি করে সত্যায়িত ফটোকপি
   v) সম্প্রতি তোলা ২ কপি পাসপোর্ট সাইজের রঙিন ছবি
   vi) শিক্ষা প্রতিষ্ঠান প্রধান কর্তৃক প্রদত্ত HSC/সমমান পরীক্ষা পাশের প্রশংসাপত্র

   **বি: দ্র: উল্লিখিত সনদ ও কাগজপত্র মনোনয়নপ্রাপ্ত বিভাগে নির্ধারিত তারিখে ভর্তিচ্ছু শিক্ষার্থীকে সশরীরে উপস্থিত হয়ে জমা দিতে হবে এবং একজনের ফরম ও কাগজপত্র কোন অবস্থাতেই অন্যজন জমা দিতে পারবে না ।**

৫. **ইউনিট ১, ২ ও ৩ এর অনুষদভুক্ত বিভাগসমূহে SureCash এ টাকা জমা দেয়া এবং বিভাগে মূল সনদসহ প্রয়োজনীয় কাগজপত্র জমা দেয়ার সময়সূচি:**

| ইউনিট ১, ২ ও ৩ | ভর্তির জন্য আহ্বান | SureCash এর মাধ্যমে ভর্তি ফি-এর টাকা জমা দেয়ার তারিখ | উপরে ক্রমিক নম্বর-৪ এ উল্লিখিত মূল সনদসহ কাগজপত্র মনোনয়নপ্রাপ্ত বিভাগে জমা দেয়ার তারিখ | মন্তব্য |
|---|---|---|---|---|
| সকল ইউনিট | ১ম আহ্বান | ১১/১১/২০১৮ থেকে ১৫/১১/২০১৮ তারিখ পর্যন্ত | ১১/১১/২০১৮ থেকে ১৬/১১/২০১৮ তারিখ পর্যন্ত | -- |
| | ২য় আহ্বান | ১৮/১১/২০১৮ থেকে ২২/১১/২০১৮ তারিখ পর্যন্ত | ১৮/১১/২০১৮ থেকে ২৩/১১/২০১৮ তারিখ পর্যন্ত | আসন শূন্য থাকা সাপেক্ষে |
| | ৩য় আহ্বান | ২৫/১১/২০১৮ থেকে ২৭/১১/২০১৮ তারিখ পর্যন্ত | ২৫/১১/২০১৮ থেকে ২৮/১১/২০১৮ তারিখ পর্যন্ত | আসন শূন্য থাকা সাপেক্ষে |
| | ৪র্থ আহ্বান | ২/১২/২০১৮ থেকে ৪/১২/২০১৮ তারিখ পর্যন্ত | ২/১২/২০১৮ থেকে ৫/১২/২০১৮ তারিখ পর্যন্ত | আসন শূন্য থাকা সাপেক্ষে |
| কোটায় আবেদনকারীদের সাক্ষাৎকার (সকল কোটা) | | ২/১২/২০১৮ তারিখ, সকাল-১০টা থেকে শুরু স্থান: সংশ্লিষ্ট ডিন অফিস। | কোটার ফলাফল ৩/১২/২০১৮তারিখ প্রকাশিত হবে এবং ৪/১২/২০১৮ থেকে ৬/১২/২০১৮তারিখের মধ্যে ভর্তি হতে হবে। | |

৬. **সংগীত, চারুকলা, নাট্যকলা, ফিল্ম এন্ড টেলিভিশন বিভাগে SureCash এ টাকা জমা দেয়া এবং বিভাগে মূল সনদসহ প্রয়োজনীয় কাগজপত্র জমা দেয়ার সময়সূচি:**

| ভর্তির জন্য আহ্বান | SureCash এর মাধ্যমে ভর্তি ফি-এর টাকা জমা দেয়ার তারিখ | উপরে ক্রমিক নম্বর-৪ এ উল্লিখিত মূল সনদসহ কাগজপত্র মনোনয়নপ্রাপ্ত বিভাগে জমা দেয়ার তারিখ | মন্তব্য |
|---|---|---|---|
| ১ম আহ্বান | ১৮/১১/২০১৮ থেকে ২২/১১/২০১৮ তারিখ পর্যন্ত | ১৮/১১/২০১৮ থেকে ২৩/১১/২০১৮ তারিখ পর্যন্ত | -- |
| ২য় আহ্বান | ২৫/১১/২০১৮ থেকে ২৭/১১/২০১৮ তারিখ পর্যন্ত | ২৫/১১/২০১৮ থেকে ২৮/১১/২০১৮ তারিখ পর্যন্ত | আসন শূন্য থাকা সাপেক্ষে |
| ৩য় আহ্বান | ২/১২/২০১৮ থেকে ৪/১২/২০১৮ তারিখ পর্যন্ত | ২/১২/২০১৮ থেকে ৫/১২/২০১৮ তারিখ পর্যন্ত | আসন শূন্য থাকা সাপেক্ষে |
| কোটায় আবেদনকারীদের সাক্ষাৎকার (সকল কোটা) | ২/১২/২০১৮ তারিখ, সকাল-১০টা থেকে শুরু স্থান: সংশ্লিষ্ট বিভাগ। | কোটার ফলাফল ৩/১২/২০১৮তারিখ প্রকাশিত হবে এবং ৪/১২/২০১৮ থেকে ৬/১২/২০১৮তারিখের মধ্যে ভর্তি হতে হবে। | |

বি:দ্র: **শুক্রবার** ও **শনিবার** সকাল ১০ টা থেকে বেলা ১২ টা ও বিকাল ৩ টা থেকে বিকাল ৫ টা এবং **অন্যান্য দিনগুলোতে** সকাল ৯ টা থেকে দুপুর ৩ টা পর্যন্ত সকল মূল সনদসহ কাগজপত্র জমা দেয়া যাবে।

৭. কোটায় আবেদনকারীদের সাক্ষাৎকারের সময় কোটার সপক্ষে প্রয়োজনীয় সকল মূল সনদসহ কাগজপত্র নিয়ে সশরীরে উপস্থিত হতে হবে।

৮. আসন খালি ও যোগ্যতা থাকা সাপেক্ষে শিক্ষার্থীর বিষয় পছন্দক্রম ও মেধাক্রম অনুসারে স্বয়ংক্রিয়ভাবে (অটো মাইগ্রেশন) বিষয় পরিবর্তন হবে। অটো মাইগ্রেশন প্রাপ্ত বিষয়ই চূড়ান্ত বলে বিবেচিত হবে এবং অটো মাইগ্রেশনের মাধ্যমে প্রাপ্ত বিষয়েই পড়তে হবে।

৯. কোন শিক্ষার্থী উপরোল্লিখিত ছকে বর্ণিত তারিখ অনুযায়ী ভর্তি ফি ও মূল সনদসহ কাগজপত্র জমা না দিলে, ভর্তি প্রক্রিয়া থেকে বাদ পড়ে যাবে। এ বিষয়ে কোন বক্তব্য/ওজর-আপত্তি কোন অবস্থাতেই গ্রহণযোগ্য হবে না।

১০. ২০১৮-২০১৯ শিক্ষাবর্ষে স্নাতক (সম্মান) ও বিবিএ **১ম বর্ষের ১ম সেমিস্টারের ক্লাস** আগামী ০১/০১/২০১৯ তারিখ থেকে শুরু হবে।

উপাচার্য মহোদয়ের অনুমোদনক্রমে,

০৫/১১/১৮

**(প্রকৌশলী মোঃ ওহিদুজ্জামান)**
রেজিস্ট্রার।